গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট- এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
(বোর্ড প্রশাসন-১ শাখা)
www.nbr.gov.bd

নথি নং- ০৮.০১.০০০০.০০১.০৫.০০১.২৪/৪৮৫

তারিখঃ ২৯ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
১৩ আগষ্ট, ২০২৫ খ্রিস্টাব্দ

**দ্বিতীয় শ্রেণীর সহকারী রাজস্ব কর্মকর্তা পদে পদোন্নতি পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহণ সংক্রান্ত**

# নোটিশ

জাতীয় রাজস্ব বোর্ডে কর্মরত সকল কর্মচারীগণকে জানানো যাচ্ছে যে, বিভাগীয় পদোন্নতি পরীক্ষা (সহকারী রাজস্ব কর্মকর্তা) নীতিমালা, ২০২৫ এর অনুচ্ছেদ ৪(১) মোতাবেক বর্ণিত ছকে উল্লিখিত পদের বিপরীতে জাতীয় রাজস্ব বোর্ডের কর্মচারীগণের মধ্য হতে **৩১ জুলাই, ২০২৫ খ্রিঃ** তারিখের মধ্যে যাদের পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ন্যূনতম চাকুরীকাল পূর্ণ হয়েছে ও নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাদের চাকুরী স্থায়ীকরণ সংক্রান্ত আদেশ জারী করা হয়েছে এমন যথোপযুক্ত ও আগ্রহী প্রার্থীগণকে আগামী ২১/০৮/২০২৫ খ্রি. তারিখের মধ্যে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি এর নির্দেশনা মোতাবেক নির্ধারিত ফরম পূরণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বোর্ড প্রশাসন-১ শাখায় জমা দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ যে, ২১/০৮/২০২৫ খ্রি. তারিখের পর কোনো আবেদন ফরম জমা নেওয়া হবে না।

**সংযুক্তিঃ** (ক) বিভাগীয় পদোন্নতি পরীক্ষা, ২০২৫ এর বিজ্ঞপ্তি।
(খ) অনুমতিপত্রের নমুনা (সংযুক্তি-ক)।
(গ) ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন ফরম (সংযুক্তি-খ)

(উম্মে আয়মান কাশমী)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
(ছুটি প্রতিস্থাপক)
Email: nbrba1@gmail.com

নথি নং- ০৮.০১.০০০০.০০১.০৫.০০১.২৪/৪৮৫

তারিখঃ ২৯ শ্রাবণ, ১৪৩২ বঙ্গাব্দ
১৩ আগষ্ট, ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০২। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৩। মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। প্রথম সচিব (সকল) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৭। আইন কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। দ্বিতীয় সচিব (সকল) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১০। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১। হিসাব রক্ষণ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২। ব্যক্তিগত সহকারী, সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। (প্রথম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৪। অফিস কপি/গার্ড ফাইল।
১৫। নোটিশ বোর্ড।

(উম্মে আয়মান কাশমী)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)
(ছুটি প্রতিস্থাপক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি
সাগরিকা রোড, চট্টগ্রাম।
www.cevta.gov.bd

নথি নং-০৮.০০.০০১৫.০০২.১২.০০১.২৪ (খন্ড-২) ৩৪৬৫ তারিখ: ২০/০৭/২০২৫ খ্রিঃ

# বিজ্ঞপ্তি

**তৃতীয় শ্রেণির মিনিস্ট্রিয়াল ও নির্বাহী কর্মচারীদের দ্বিতীয় শ্রেণির "সহকারী রাজস্ব কর্মকর্তা" পদে বিভাগীয় পদোন্নতি পরীক্ষা, ২০২৫ গ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহবান।**

জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিল ট্রাইব্যুনাল এবং জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের অধীনস্ত সকল কাস্টমস হাউস; কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট; কাস্টমস বন্ড কমিশনারেট; কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট; অধিদপ্তর; পরিদপ্তর; বৃহৎ করদাতা ইউনিট (মূসক); শুল্ক, মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট; কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট ও কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম এর যথোপযুক্ত ও আগ্রহী প্রার্থী যারা "ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুল্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী সংশোধন আইন, ২০১০ (২০১০ সালের ২৮ নং আইন) এর তফসিলে বর্ণিত শর্তসমূহ ও বিভাগীয় পদোন্নতি পরীক্ষা (সহকারী রাজস্ব কর্মকর্তা) নীতিমালা, ২০২৫ এর অনুচ্ছেদ ৪ (১) এ বর্ণিত ছকে উল্লিখিত পদের বিপরীতে ন্যূনতম চাকুরীকাল আগামী ৩১ জুলাই, ২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে পূর্ণ করেছেন/করবেন এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক যাদের চাকুরী স্থায়ীকরণ সংক্রান্ত আদেশ জারী করা হয়েছে তাদেরকে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম (www.cevta.gov.bd) এর ওয়েবসাইটে আপলোডকৃত নির্ধারিত অনলাইন ফরম ৩১ আগস্ট, ২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে পূরণপূর্বক অনলাইন হতে প্রিন্ট করে ০৩ (তিন) কপি সকল দলিলাদিসহ নামের তালিকা [প্রতিটি ০৩ (তিন) কপি করে আবেদনপত্র, চাকুরী স্থায়ীকরণ সংক্রান্ত আদেশ, বিশেষ করে স্নাতক/সমমান ডিগ্রি পাসের সনদপত্র উৎসমূলে যাচাই বাছাই করে সঠিকতা নিশ্চিতপূর্বক সহকারী কমিশনার/সহকারী পরিচালকের নিম্নে নহেন এমন কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে] সংযুক্ত ছকানুযায়ী এক্সেল শীটে nikosh ফন্টে পূরণ করে **bcta2018@gmail.com** এ সফটকপি ও হার্ড কপি আগামী ৩১ আগস্ট, ২০২৫ খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম বরাবর পৌঁছানোর বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, কোনো প্রার্থী একাডেমি'র ওয়েবসাইট হতে নির্ধারিত ফরম পূরণ করতে সক্ষম না হলে ম্যানুয়াল পদ্ধতিতে পূরণকৃত আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম বরাবর প্রেরণ করতে পারবেন।

<u>এক্ষেত্রে প্রার্থীদের জন্য নিম্নবর্ণিত দিক নির্দেশনা অনুসরণীয়:</u>

ক) বিভাগীয় পদোন্নতি পরীক্ষা (সহকারী রাজস্ব কর্মকর্তা) নীতিমালা, ২০২৫ এর অনুচ্ছেদ ৬ (ক) এ বর্ণিত সিলেবাস অনুযায়ী যে সকল পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তারা আবেদন করতে পারবেন।

খ) ২০১৪ সালের সিলেবাস অনুসারে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করে ০১ (এক) পত্রে কিংবা উভয় পত্রে অকৃতকার্য হয়েছেন সে সকল পরীক্ষার্থী পূর্বের/রহিত নীতিমালার অধীন কেবল ০১ (এক) বার পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

গ) সংশ্লিষ্ট দপ্তরের সহকারী কমিশনার/সহকারী পরিচালক বা তদুর্ধ্ব কর্মকর্তা এবং জাতীয় রাজস্ব বোর্ড/আপিল ট্রাইব্যুনালের ক্ষেত্রে যথাক্রমে দ্বিতীয় সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন-৪)/রেজিস্ট্রার কর্তৃক স্নাতক/সমমান ডিগ্রি পাসের সনদপত্রের সত্যায়িত কপি (সনদপত্রটি বৈধ ও আইনগতভাবে গ্রহণযোগ্য হতে হবে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, চাকুরী স্থায়ীকরণের আদেশের সত্যায়িত কপি এবং পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

ঘ) অনলাইনে পূরণকৃত/দাখিলকৃত আবেদনপত্রটি প্রিন্ট করে অন্যান্য দলিলাদিসহ সংযুক্ত নির্ধারিত ছকে এক্সেল শীটে nikosh ফন্টে পূরণ করে **bcta2018@gmail.com** এ সফ্টকপি ও হার্ড কপি প্রেরণ করতে হবে।

ঙ) নির্ধারিত তারিখ (৩১ আগস্ট, ২০২৫ খ্রিঃ) অফিস চলাকালীন সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

চ) কোনো পরীক্ষার্থী চাহিত কোনো তথ্য গোপন করলে কিংবা অসত্য তথ্যের আশ্রয় নিলে তার আবেদনটি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে বিভাগীয়/ফৌজদারী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হবে।

ছ) অনলাইনে আবেদনপত্র সঠিকভাবে পূরণ না করলে এবং চাহিত সকল সত্যায়িত দলিল (Documents) সংযুক্ত না করলে আবেদনপত্রটি বাতিল বলে গণ্য হবে।

২০/০৭/২৫

(একেএম নুরুল হুদা আজাদ)
মহাপরিচালক
☎ ০২-৩৩৩৩৮০২৪১
bcta2018@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
[কাস্টমস ও ভ্যাট প্রশাসন-৩ শাখা]
www.nbr.gov.bd

নথি নং ০৮.০১.০০০০.০০০.০১৩.০১.০০০৪.১৪/২০৫ তারিখ: ১১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ২৫ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

জাতীয় রাজস্ব বোর্ড ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুল্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী আইন, ২০০০ (২০০০ সনের ২০নং আইন) এর উদ্দেশ্য পূরণকল্পে উক্ত আইনের ধারা ১২ অনুযায়ী বিধিমালা প্রণীত না হওয়া পর্যন্ত নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করিল:

১। শিরোনাম ও প্রবর্তন:

(১) এই নীতিমালা "বিভাগীয় পদোন্নতি পরীক্ষা (সহকারী রাজস্ব কর্মকর্তা) নীতিমালা, ২০২৫" নামে অভিহিত হইবে।

(২) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা: বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই নীতিমালায়-

(ক) "আইন" অর্থ ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুল্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী আইন, ২০০০ (২০০০ সনের ২০নং আইন);

(খ) "একাডেমি" অর্থ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম কিংবা তদধীন যেকোনো আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র;

(গ) "পরীক্ষা" অর্থ ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুল্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী আইন, ২০০০ (২০০০ সনের ২০ নং আইন) এর তফসিলের ক্রমিক নং-২ এর কলাম ৫ এ পদোন্নতির মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে প্যারা (৩) এ বর্ণিত বিভাগীয় পরীক্ষা;

(ঘ) "পরীক্ষার্থী" অর্থ পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য কর্মচারী;

(ঙ) "বোর্ড" অর্থ National Board of Revenue Order, 1972 (President's Order No. 76 of 1972) এর অধীন গঠিত জাতীয় রাজস্ব বোর্ড;

(চ) "মহাপরিচালক" অর্থ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম এর দায়িত্বপ্রাপ্ত মহাপরিচালক।

৩। পরীক্ষা গ্রহণ:

(ক) মহাপরিচালক প্রতি বৎসর আগস্ট-সেপ্টেম্বর মাসে তফসিলে বর্ণিত সূচি অনুযায়ী বিভাগীয় পদোন্নতি পরীক্ষা গ্রহণ করিবেন।

(খ) মহাপরিচালক পরীক্ষার্থীর সংখ্যা বিবেচনা করিয়া পরীক্ষার কেন্দ্র ও তারিখ নির্ধারণ করিতে পারিবে।

(গ) পরীক্ষা গ্রহণের ন্যূনতম ১৫ (পনের) দিন পূর্বে পরীক্ষার কেন্দ্র, তারিখ ও সময়, অনুসরণীয় নির্দেশাবলী, প্রভৃতি সম্পর্কে একাডেমি কর্তৃক পরীক্ষার্থীগণকে অবহিত করিতে হইবে।

(ঘ) পরীক্ষা অনুষ্ঠানের নিমিত্ত নিম্নরূপ একটি পরীক্ষা পরিচালনা কমিটি থাকিবে:

| ক্রম নং | কর্মকর্তার নাম | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | মহাপরিচালক<br>কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম | আহ্বায়ক |
| ০২ | জাতীয় রাজস্ব বোর্ডের একজন প্রথম সচিব অথবা দ্বিতীয় সচিব | সদস্য |
| ০৩ | কাস্টমস হাউস, চট্টগ্রাম এর একজন অতিরিক্ত কমিশনার অথবা যুগ্ম কমিশনার | সদস্য |
| ০৪ | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর একজন অতিরিক্ত কমিশনার অথবা যুগ্ম কমিশনার | সদস্য |
| ০৫ | কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম এর একজন অতিরিক্ত কমিশনার অথবা যুগ্ম কমিশনার | সদস্য |
| ০৬ | একাডেমির একজন যুগ্ম পরিচালক অথবা অতিরিক্ত মহাপরিচালক | সদস্য-সচিব |

(ঙ) মহাপরিচালক পরীক্ষা গ্রহন সংক্রান্ত সুনির্দিষ্ট কার্যক্রম যথা, আবেদন গ্রহণ, আবেদন যাচাই-বাছাই, প্রবেশপত্র ইস্যু, উত্তরপত্র প্রস্তুতকরণ, আসন বন্টন, ইনভিজিলেটর ও পরীক্ষকগণের তালিকা প্রস্তুতকরণ, প্রশ্নপত্র প্রণয়ন, পরীক্ষা কেন্দ্রের নিরাপত্তা ও শৃঙ্খলা বিধান, হল পরিদর্শন ও ইনভিজিলেশন তদারকি, উত্তরপত্র কোডিং, উত্তরপত্র মূল্যায়ন, উত্তরপত্র ডিকোডিং, ফলাফল প্রস্তুতকরণ ও ফলাফল প্রকাশ সম্পন্নের লক্ষ্যে পরীক্ষা পরিচালনা কমিটির অনুমোদনক্রমে এক বা একাধিক কমিটি গঠন করিতে পারিবে।

(চ) বোর্ড, পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, হল পরিদর্শন ও ইনভিজিলেশন তদারকি এবং উত্তরপত্র মূল্যায়ন তদারকির লক্ষ্যে এক বা একাধিক উপযুক্ত প্রতিনিধি প্রেরণ করিবে।

৪। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

(১) **পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রযোজ্য চাকুরিকাল:** ক্যাডার বহির্ভূত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (শুল্ক, আবগারী ও ভ্যাট) নিয়োগ ও কর্মের শর্তাবলী আইন, ২০০০ এর অধীন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিল ট্রাইব্যুনাল, জাতীয় রাজস্ব বোর্ড এবং উহার অধস্তন দপ্তর যথা, কাস্টমস হাউস, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, অধিদপ্তর, পরিদপ্তর এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি এর নিম্নোক্ত কর্মচারীগণ তাঁদের ফিডার পদে চাকুরিকালের বিপরীতে নিম্নোক্ত টেবিলের (৩) নং কলামে উল্লিখিত ন্যূনতম চাকুরিকাল পূর্ণ হওয়ার শর্ত সাপেক্ষে পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে:

| পদের নাম | ফিডার পদে চাকুরিকাল | পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ন্যূনতম চাকুরিকাল |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| (ক) অফিস সুপারিনটেনডেন্ট, প্রধান সহকারী, সাঁট লিপিকার, উচ্চমান সহকারী, সাঁট মুদ্রাক্ষরিক, কম্পিউটার অপারেটর, ডাটা এন্ট্রি অপারেটর, সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর, টার্মিনাল অপারেটর, পরিসংখ্যান অনুসন্ধায়ক, লাইব্রেরিয়ান, এ্যাকাউন্ট্যান্ট, ক্যাশিয়ার | ৫ (পাঁচ) বৎসর | ৩ (তিন) বৎসর |
| (খ) অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, নক্সাবিদ, পাঞ্চকার্ড অপারেটর, পেশকার, রেকর্ড কিপার | ৭ (সাত) বৎসর | ৫ (পাঁচ) বৎসর |
| (গ) স্টোর কিপার, সিপাই, টেলিফোন অপারেটর, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, রেডিও অপারেটর | ১০ (দশ) বৎসর | ৮ (আট) বৎসর |
| (ঘ) সিপাই পদ হইতে পদোন্নতিপ্রাপ্ত সাব-ইন্সপেক্টর | ৪ (চার) বৎসর | ২ (দুই) বৎসর |

(২) **পরীক্ষায় অংশগ্রহনের প্রয়োজনীয় যোগ্যতা:** অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত কর্মচারীগণের পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় যোগ্যতা হইবে নিম্নরূপ:

(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি থাকিতে হইবে;

(খ) প্রার্থীকে চাকুরিতে স্থায়ী হইতে হইবে।

(৩) **কম্পিউটার জ্ঞান ও দক্ষতা সংক্রান্ত যোগ্যতা:**

(ক) কম্পিউটারে মুদ্রণ গতি বাংলায় সর্বনিম্ন প্রতি মিনিটে-২০ শব্দ ও ইংরেজিতে সর্বনিম্ন প্রতি মিনিটে-২০ শব্দ হইবে। তবে, অনুচ্ছেদ ৪ এর উপ-অনুচ্ছেদ (১) এর টেবিলের (১) নং কলামে উল্লিখিত কোনো পদে নিয়োগকালীন শর্তে উল্লিখিত মুদ্রণ গতির উর্ধ্বে থাকিলে উক্ত গতি প্রযোজ্য হইবে;

(খ) কম্পিউটারে Word Processing (MS Word & MS Excel) ও ই-মেইল পরিচালনার দক্ষতা থাকিতে হইবে।

(৪) **পরীক্ষায় অংশগ্রহণের অযোগ্যতা:** প্রার্থীগণ নিম্নোক্ত ক্ষেত্রে পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অযোগ্য বলিয়া বিবেচিত হইবেন:

(ক) সাময়িক বরখাস্ত অবস্থায় থাকিলে;

(খ) কোনো কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগনামা দাখিল বা দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত মামলায় চার্জশীট দাখিল বা ফৌজদারী মামলা দায়েরের সরকারি মঞ্জুরি প্রদান করা হইলে অথবা উক্তরূপ কারণে কোনো কর্মচারী গ্রেফতার হইলে উক্ত মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত;

(গ) কোনো কর্মচারীর উপর কোনো দণ্ড আরোপ করা হইলে তিনি তাহার দণ্ড ভোগের মেয়াদ শেষে লঘু দণ্ডের ক্ষেত্রে ০১ (এক) বৎসর এবং গুরুদণ্ডের ক্ষেত্রে ০২ (দুই) বৎসর পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য হিসেবে বিবেচিত হইবেন না;

তবে শর্ত থাকে যে, দণ্ডাদেশে দণ্ডের মেয়াদ সুনির্দিষ্ট করা থাকিলে উক্ত দণ্ডের মেয়াদ অতিবাহিত হওয়ার পর হইতে দফা (গ) এ উল্লিখিত সময়কাল গণনা শুরু হইবে;

(ঘ) কোনো পরীক্ষার্থীর ৫৫ (পঞ্চান্ন) বৎসর বয়স পূর্ণ হইলে।

৫। আবেদন আহ্বান:

(ক) মহাপরিচালক পরীক্ষার্থীগণের নিকট হইতে ওয়েবসাইটের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করিবে। উক্ত আবেদন ফরম পূরণপূর্বক অনলাইন হইতে প্রিন্ট করিয়া ০৩ (তিন) কপি সকল দলিলাদিসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক বরাবর নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করিতে হইবে;

(খ) যদি কোনো প্রার্থী একাডেমি'র ওয়েবসাইট হইতে নির্ধারিত ফরম পূরণ করিতে সক্ষম না হন, তবে সেইক্ষেত্রে ম্যানুয়াল পদ্ধতিতে পূরণকৃত আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মহাপরিচালক বরাবর নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করিতে পারিবে;

(গ) একাডেমি'র ওয়েবসাইট হইতে অনলাইন/ম্যানুয়াল ফরমে পূরণকৃত আবেদন নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে একাডেমিতে না পৌঁছাইলে সংশ্লিষ্ট কর্মচারী পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে না;

(ঘ) একাডেমি প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাইপূর্বক পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা প্রস্তুত করিয়া পরীক্ষার্থীর অনলাইন আবেদনের ০১ (এক) কপি বোর্ডে প্রেরণ করিবে।

৬। পরীক্ষার বিষয়সমূহ:

(ক) নিম্নবর্ণিত ০৩ (তিন) টি বিষয়ের উপরে পরীক্ষা অনুষ্ঠিত হইবে:

| পত্র ও শিরোনাম | খন্ড ও অন্তর্ভুক্ত বিষয় | মানবন্টন |
|---|---|---|
| প্রথম পত্র:<br>কাস্টমস আইন ও সহযোগী আইন এবং ফৌজদারি কার্যবিধি ও দণ্ডবিধি | (ক) প্রথম খন্ড<br>১। কাস্টমস আইন, ২০২৩<br>২। শুল্ক মূল্যায়ন বিধিমালা, ২০০০<br>৩। ব্যাগেজ বিধিমালাসমূহ | ৬০ |
| | (খ) দ্বিতীয় খন্ড<br>১। আমদানি ও রপ্তানি (নিয়ন্ত্রণ) আইন, ১৯৫০<br>২। আমদানি নীতি আদেশ<br>৩। রপ্তানি নীতি | ২০ |
| | (গ) তৃতীয় খন্ড<br>১। ফৌজদারী কার্যবিধি: ধারা ৪, ৬-২১, ২৮-৪০, ৩৬-৩৮ এবং ৪২-৬৭<br>২। দণ্ডবিধি: ধারা ১২১-১৩০, ১৬১-১৯০, ৩৩৯-৩৫৮ এবং ৪৬৩-৪৮৯<br>৩। মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ ও তদধীন প্রণীত বিধিমালা | ২০ |
| | মোট নম্বর | ১০০ |
| দ্বিতীয় পত্র:<br>মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ও বিধিমালা এবং সরকারি চাকরি ও শৃঙ্খলা | (ক) প্রথম খন্ড<br>১। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২<br>২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ | ৬০ |
| | (খ) দ্বিতীয় খন্ড<br>১। সরকারি চাকরি আইন, ২০১৮<br>২। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮<br>৩। সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ | ৪০ |

| পত্র ও শিরোনাম | খন্ড ও অন্তর্ভুক্ত বিষয় | মানবন্টন |
| --- | --- | --- |
| | ৪। সচিবালয় নির্দেশমালা, ২০২৪ এর ৩য়, ৪র্থ ও ৮ম অধ্যায়<br>৫। Prescribed Leave Rules, 1959 (নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯) | |
| | মোট নম্বর | ১০০ |
| তৃতীয় পত্র: কম্পিউটার জ্ঞান ও দক্ষতা (ব্যবহারিক) | Word Processing (MS Word & MS Excel) ও ই-মেইল পরিচালনা | অনুচ্ছেদ ৪(৩) অনুযায়ী উত্তীর্ণ হইতে হইবে। |

(খ) প্রতিটি পত্রের পাস নম্বর হইবে ৫০%;

(গ) প্রতিটি পত্রের প্রতিটি খন্ডে পাস নম্বর হইবে ২৫%;

(ঘ) প্রথম ও দ্বিতীয় পত্রের পরীক্ষার জন্য ০৩ (তিন) ঘন্টা করিয়া এবং তৃতীয় পত্রের জন্য ৩০ (ত্রিশ) মিনিট সময় নির্ধারিত থাকিবে;

(ঙ) কোনো পরীক্ষার্থী কোনো পত্রে পাস নম্বর পাইয়া উত্তীর্ণ হইলে দ্বিতীয়বার তাহাকে উক্ত বিষয়ে পরীক্ষা দিতে হইবে না;

(চ) কোনো প্রার্থী ইচ্ছা করিলে কেবল প্রথম পত্র বা দ্বিতীয় পত্র অথবা উভয় পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে।

৭। **রহিতকরণ ও হেফাজতকরণ:**

(১) এই নীতিমালা কার্যকরের তারিখের পূর্বে জারিকৃত সহকারী রাজস্ব কর্মকর্তা পদে পদোন্নতির জন্য বিভাগীয় পদোন্নতি পরীক্ষা-সংশ্লিষ্ট নীতিমালাসহ এ সম্পর্কিত সকল ধরনের আদেশ/সার্কুলার/অফিস আদেশ/প্রজ্ঞাপন, প্রভৃতি রহিত বলিয়া গণ্য হইবে।

(২) এই নীতিমালায় যাহা কিছুই থাকুক না কেন উপ-অনুচ্ছেদ (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করিয়া ০১ (এক) পত্রে কিংবা উভয় পত্রে অকৃতকার্য হইয়াছে তাহারা রহিত নীতিমালার অধীন কেবল ০১ (এক) বার পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে।

তবে শর্ত থাকে যে, উপ-অনুচ্ছেদ (২) এ যাহা কিছুই থাকুক না কেন শর্তাবলী পূরণ সাপেক্ষে এই নীতিমালার অধীন কোনো একটি পত্রে কিংবা উভয় পত্রে নতুন করিয়া পরীক্ষায় অংশগ্রহণ বারিত করা যাইবে না।

**তফসিল**

[অনুচ্ছেদ ৩ এর দফা (ক) দ্রষ্টব্য]

| ক্রঃ নং | শিরোনাম | নির্ধারিত সময় |
| --- | --- | --- |
| ০১ | পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণের অনলাইন/ম্যানুয়াল আবেদন গ্রহণ | প্রতিবছর ৩০ জুনের মধ্যে |
| ০২ | প্রার্থীগণের আবেদন যাচাই-বাছাই | প্রতিবছর ৩১ জুলাই এর মধ্যে |
| ০৩ | প্রার্থীগণের অনুকূলে প্রবেশ পত্র ইস্যু | প্রতিবছর ০৭ আগস্টের মধ্যে |
| ০৪ | পরীক্ষা গ্রহণ | প্রতিবছর আগস্ট-সেপ্টেম্বর |
| ০৫ | পরীক্ষার ফলাফল প্রকাশ | পরীক্ষা গ্রহণের ০১ (এক) সপ্তাহের মধ্যে |
| ০৬ | পরীক্ষার ফলাফল সংশ্লিষ্ট দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ | পরীক্ষার ফলাফল প্রকাশের ০১ (এক) সপ্তাহের মধ্যে |

মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড

নথি নং-০৮.০১.০০০০.০০০.০১৩.০৮.০০০৪.২৪

তারিখ: ১১ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
২৫ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সদস্য (সকল), কাস্টমস ও ভ্যাট/সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০২। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপিল ট্রাইব্যুনাল, ঢাকা।
০৩। স্থায়ী প্রতিনিধি, ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন, ব্রাসেলস, বেলজিয়াম।
০৪। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/আইসিডি/পানগাঁও।
০৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/ঢাকা (পশ্চিম), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/যশোর/রংপুর/কুমিল্লা।
০৬। কমিশনার অব কাস্টমস (বন্ড), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ), ঢাকা/চট্টগ্রাম।
০৭। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা/কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা/কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
০৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১/ঢাকা-২/চট্টগ্রাম/খুলনা।
০৯। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/মূল্য সংযোজন কর নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
১০। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। প্রথম সচিব (সকল) কাস্টমস ও ভ্যাট/বোর্ড প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রজ্ঞাপনটি প্রকাশের অনুরোধসহ)।
১৫। অফিস কপি।

Raihan 25/06/2025
(মোঃ রায়হান মেহেবুব)
দ্বিতীয় সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন-৩)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

"সংযুক্তি-ক"

.............................................

..........................

নথি নং- ......................................................................... তারিখ: / /২০২৫ খ্রি.।

বিষয়: তৃতীয় শ্রেণির মিনিস্ট্রিয়াল ও নির্বাহী কর্মচারীদের দ্বিতীয় শ্রেণির "সহকারী রাজস্ব কর্মকর্তা" পদে বিভাগীয় পদোন্নতি পরীক্ষা, ২০২৫ এ অংশগ্রহণের জন্য অনুমতিপত্র।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

তৃতীয় শ্রেণির মিনিস্ট্রিয়াল ও নির্বাহী কর্মচারীদের দ্বিতীয় শ্রেণির "সহকারী রাজস্ব কর্মকর্তা" পদে বিভাগীয় পদোন্নতি পরীক্ষা, ২০২৫ এ অংশগ্রহণের জন্য নিম্নোক্ত কর্মচারীগণ বিভাগীয় পদোন্নতি পরীক্ষা (সহকারী রাজস্ব কর্মকর্তা) নীতিমালা, ২০২৫ এর অনুচ্ছেদ ৪ (১) এ বর্ণিত ছকে উল্লিখিত পদের বিপরীতে ন্যূনতম চাকুরিকাল পূর্ণ করেছেন, স্নাতক বা সমমানের ডিগ্রিধারী, কম্পিউটার জ্ঞান ও দক্ষতা সম্পন্ন। তিনি সাময়িক বরখাস্ত/দুদক মালমায় চার্জশীট দাখিল/অভিযোগনামা দাখিল/ফৌজদারী মামলা/লুঘ দন্ড/গুরু দন্ড ইত্যাদি অভিযোগে অভিযুক্ত নয় এবং তিনি ৩১ জুলাই, ২০২৫ তারিখে ৫৫ (পঞ্চান্ন) বছরের উর্ধ্বে নন বিধায় বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণে যোগ্য বলে বিবেচিত। উক্ত কর্মচারীগণের নামের বিপরীতে এ দপ্তরকর্তৃক অনুমতিপত্র প্রদান করা হলো।

| ক্রমিক নং | কর্মচারীর নাম ও পদবী | স্নাতক বা সমমানের ডিগ্রিধারী কিনা (হ্যাঁ/না লিখুন) | ফিডার পদে যোগদানের তারিখ হতে চাকুরি কাল (বছর উল্লেখ করতে হবে) | কম্পিউটার জ্ঞান ও দক্ষতা সম্পন্ন কিনা (হ্যাঁ/না লিখুন) | ৩১ জুলাই, ২০২৫ তারিখে প্রার্থীর বয়স (বছর উল্লেখ করতে হবে) | সাময়িক বরখাস্ত/দুদক মালমায় চার্জশীট দাখিল/অভিযোগনামা দাখিল/ফৌজদারী মামলা/লুঘ দন্ড/গুরু দন্ড ইত্যাদি অভিযোগে অভিযুক্ত কিনা (হ্যাঁ/না লিখুন) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |
| | | | | | | |

(মহাপরিচালক/কমিশনার/প্রথম সচিব/রেজিস্ট্রার এর নাম ও স্বাক্ষর)

"সংযুক্তি-খ"

# সহকারী রাজস্ব কর্মকর্তা পদে কাস্টমস, আবগারী ও ভ্যাট বিভাগের বিভাগীয় পদোন্নতি পরীক্ষা, ২০২৫

## পরীক্ষার্থীর আবেদনপত্র

(স্বহস্তে পূরণ করতে হবে)

সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি
**আঠা দিয়ে লাগাতে হবে**

০১। পরীক্ষার্থীর নাম ঃ ............................................................

০২। পিতার নাম ঃ ............................................................

০৩। মাতার নাম ঃ ............................................................

০৪। বর্তমান (ফিডারপদে) পদবি ও এ পদে যোগদানের তারিখ ঃ ............................................

০৫। জাতীয় পরিচয়পত্র নম্বর (সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে)ঃ ............................................

০৬। জন্ম তারিখ ঃ ............................................................

০৭। চাকুরীতে ১ম যোগদানের তারিখ ও পদবি ঃ ............................................

০৮। পরীক্ষার্থী বয়সঃ ......... বছর ......... মাস ......... দিন (৩১ জুলাই, ২০২৫ খ্রি. তারিখে)

(সকল কাগজপত্রের ফটোকপি সহকারী কমিশনার বা তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে)

০৯। চাকুরী স্থায়ীকরণের আদেশ জারীর তারিখ ঃ ............................................

১০। শিক্ষাগত যোগ্যতা ঃ ............................................................
(স্নাতক/সমমানের ডিগ্রি পাসের সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। সনদপত্র ব্যতীত নম্বরপত্র/টেবুলেশনশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়)

১১। বর্তমান কর্মস্থল (কমিশনারেট/কাস্টমস হাউজ/অধিদপ্তর/পরিদপ্তর/ট্রাইব্যুনাল/জাতীয় রাজস্ব বোর্ড) এর নামঃ

............................................................ (বিভাগ/সার্কেলের নাম গ্রহণযোগ্য নয়)

১২। মোবাইল নম্বরঃ .............................. ই-মেইল নম্বরঃ ..............................

১৩। কম্পিউটার জ্ঞান ও দক্ষতা ঃ মুদ্রণ গতি (বাংলা ....... , ইংরেজি ....... ), ইমেইল ☐, এম এস এক্সেল ☐ (দক্ষতার ক্ষেত্রে টিক চিহ্ন দিন)
(প্রতি মিনিটে)

১৪। সাময়িক বরখাস্ত কিনা/দুদক মালমায় চার্জশীট দাখিল/অভিযোগনামা দাখিল/ফৌজদারী মামলা/লুঘ দন্ড/গুরু দন্ড আছে কিনা ঃ ........
(হ্যাঁ/না লিখুন)

### ইতঃপূর্বে গৃহীত পরীক্ষায় অংশগ্রহণ করে থাকলে তার ফলাফল

| পরীক্ষার সন | রোল নম্বর | কৃতকার্য/অকৃতকার্য (নিম্নের ঘরে উল্লেখ করুন) | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | ১ম পত্র | ২য় পত্র | |
| ২০১৭ | | | | |
| ২০১৮ | | | | |
| ২০২০ | | | | |
| ২০২২ | | | | |
| ২০২৪ | | | | |

আমি এই মর্মে ঘোষণা করছি যে, উপরে বর্ণিত সকল তথ্য সম্পূর্ণ সঠিক। প্রদত্ত কোন তথ্য মিথ্যা/অসত্য প্রমাণিত হলে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যে কোন দন্ড মেনে নিতে বাধ্য থাকব। আমি স্বেচ্ছায় ও স্বজ্ঞানে ঘোষণা প্রদান করলাম।

তারিখ: ____________

প্রার্থীর স্বাক্ষর

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, আবেদনকারীর প্রদত্ত সকল তথ্য সঠিক। তিনি ফিডার পদে .................. বৎসর চাকুরী পূর্ণ করেছেন, স্নাতক বা সমমানের ডিগ্রিধারী, কম্পিউটার জ্ঞান ও দক্ষতা সম্পন্ন। তিনি সাময়িক বরখাস্ত/দুদক মালমায় চার্জশীট দাখিল/অভিযোগনামা দাখিল/ফৌজদারী মামলা/লুঘ দন্ড/গুরু দন্ড ইত্যাদি অভিযোগে অভিযুক্ত নয় এবং তিনি ৩১ জুলাই, ২০২৫ তারিখে ৫৫ (পঞ্চান্ন) বছরের উর্ধ্বে নন বিধায় বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত।

বিঃ দ্রঃ একাডেমি কর্তৃক নির্ধারিত আবেদন ফরমটি অবশ্যই Legal সাইজ (৮.৫"×১৪") এ প্রিন্ট করে প্রার্থী কর্তৃক **স্বহস্তে পূরণ** করতে হবে। অন্যথায় আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

মহাপরিচালক/ কমিশনার/প্রথম সচিব/রেজিস্ট্রার এর স্বাক্ষর (সীলসহ)